সমকাল

তারিখ ... 05 SEP 2016 ...
পৃষ্ঠা ...8... কলাম ...7...

# ছাত্র ইউনিয়নের সমাবেশ

■ সমকাল প্রতিবেদক

শিক্ষার বাণিজ্যিকীকরণবিরোধী সমাবেশ করেছে ছাত্র ইউনিয়নের ঢাকা মহানগর সংসদ। গতকাল রোববার জাতীয় প্রেস ক্লাবের সামনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। অনিক রায়ের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন ছাত্র ইউনিয়ন কেন্দ্রীয় সভাপতি লাকী আক্তার, সাংগঠনিক সম্পাদক সুমন সেন গুপ্ত, ঢাকা মহানগর সাধারণ সম্পাদক জিএম রাব্বি প্রমুখ। সঞ্চালনা করেন জহর লাল রায়।

বক্তারা বলেন, দেশের অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষাদান বন্ধ রেখে তা ব্যবসায়িক কাজে ব্যবহৃত হচ্ছে। কোথাও মেলা, কোথাও গরুর হাট এবং কিছু বিদ্যালয় কমিউনিটি সেন্টার হিসেবে ব্যবহৃত হচ্ছে। বিভিন্ন কিন্ডারগার্টেনে ইংলিশ মিডিয়ামের নামে হাতিয়ে নেওয়া হচ্ছে বিপুল পরিমাণ অর্থ। শিক্ষা মন্ত্রণালয় এর বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিচ্ছে না। বাণিজ্যিকীকরণের অর্থের ভাগ রাঘব বোয়ালরাও পাচ্ছে বলে অভিযোগ করেন তারা।